



রোহিঙ্গাদের ফেরাতে আন্তর্জাতিক সহযোগিতার আহ্বান



শামা ওবায়দ। ছবি: সংগৃহীত

রোহিঙ্গা সংকটের টেকসই সমাধান এবং তাদের নিরাপদ ও স্বেচ্ছাপ্রণোদিত প্রত্যাবাসনে আন্তর্জাতিক সম্প্রদায়ের আরও সক্রিয় ভূমিকা চেয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম।

নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত ইকোসকের ২০২৬ সালের হিউম্যানিটারিয়ান অ্যাফেয়ার্স সেগমেন্টের এক উচ্চপর্যায়ের আলোচনায় তিনি এ আহ্বান জানান। বক্তব্যে প্রতিমন্ত্রী বেসামরিক মানুষের সুরক্ষা নিশ্চিত করা, আন্তর্জাতিক মানবিক আইন মেনে চলা এবং সংঘাত প্রতিরোধে কার্যকর উদ্যোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে মানবিক সহায়তা, শান্তি প্রতিষ্ঠা ও উন্নয়ন কার্যক্রমের মধ্যে সমন্বয় জোরদারের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন।

তিনি বলেন, অর্থায়ন সংকটের কারণে রোহিঙ্গা নারী ও কিশোরীরা বিশেষ ঝুঁকির মুখে পড়ছে। এ পরিস্থিতি মোকাবেলায় আন্তর্জাতিক সহযোগিতা অব্যাহত রাখা জরুরি। প্রতিমন্ত্রী নারী ও কিশোরীদের বিরুদ্ধে প্রযুক্তিনির্ভর হয়রানি ও অপব্যবহারের বিষয়েও উদ্বেগ প্রকাশ করেন। এ ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় বৈশ্বিক উদ্যোগ জোরদারের আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানের ফাঁকে ভিয়েতনামের উপ-পররাষ্ট্রমন্ত্রী ড. নগুয়েন মিন ভুর সঙ্গে বৈঠক করেন শামা ওবায়দ ইসলাম। বৈঠকে দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়, দ্বিপাক্ষিক সহযোগিতা এবং আন্তর্জাতিক অঙ্গনে সমন্বয় বাড়ানোর বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়।